

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫১

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩২. ইলম ও আলিমের মর্যাদা

بَابٌ فِي فَضْلِ الْعِلْمِ وَالْعَالِمِ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْمُغِيرَةِ، حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ، حَدَّثَنِي هَارُونُ بْنُ رِئَابٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، أَنَّهُ كَانَ يَقُولُ: اغْدُ عَالِمًا أَوْ مُتَعَلِّمًا، وَلَا تَغْدُ فِيمَا بَيْنَ ذَلِكَ، فَإِنَّ مَا بَيْنَ ذَلِكَ بَاللَّهُ عَنْهُ، أَنَّهُ كَانَ يَقُولُ: اغْدُ عَالِمًا أَوْ مُتَعَلِّمًا، وَلَا تَغْدُ فِيمَا بَيْنَ ذَلِكَ، فَإِنَّ مَا بَيْنَ ذَلِكَ جَاهِلٌ، وَإِنَّ الْمَلَائِكَةَ تَبْسُطُ أَجْنِحَتَهَا لِلرَّجُلِ، غَدَا يَبْتَغِي الْعِلْمَ مِنَ الرِّضَا بِمَا يَصْنَعُ

رجاله ثقات غير أنه منقطع هارون بن رئاب لم يدرك ابن مسعود

বাংলা

৩৫১. হারুন ইবনু রিয়াব আব্দুল্লাহ ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন, তিনি বলতেন: আলিম হও কিংবা ইলম শিক্ষার্থী হও, এতদুভয়ের মাঝে যারা রয়েছে, তাদের অন্তর্ভুক্ত হয়ো না। কেননা, এদু'য়ের মাঝে রয়েছে জাহিল (মূর্খ)। আর নিশ্চয়ই যে ব্যক্তি ইলম অন্বেষণের উদ্দেশ্যে সকালে পথ চলে, ফিরিশতারা তার কৃতকর্ম (ইলম অন্বেষণ)-এর কারণে খুশী হয়ে তার জন্য তাদের ডানা বিছিয়ে দেয়।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য; তবে এর সনদ মুনকাতি' বা বিচ্ছিন্ন। হারুন ইবনু রিয়াব ইবনু মাসউদের সাক্ষাৎ পাননি।

তাখরীজ: ফাসাওয়ী, মা'রিফাত ওয়াত তারীখ ৩/৩৯৯; ইবনু আব্দুল বার, জামি' বায়ানিল ইলম, নং ১৪৬; পূর্ণ তাখরীজের জন্য পূর্বের হাদীস নং ২৫৪ টি দেখুন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন